

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৯৮

بَابُّ: وَمِنْ سُورَةِ التَّوْبَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ، أَخْبَرَنَا نَافِعٌ، عَنِ ابْنِ عُمْرَ، قَالَ جَاءَ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبْيِ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم حِينَ مَاتَ أَبُوهُ فَقَالَ أَعْطِنِي قَمِيصَكَ أُكَفِّنْهُ فِيهِ وَصَلِّ عَلَيْهِ وَاسْتَغْفِرْ لَهُ . فَأَعْطَاهُ قَمِيصَهُ وَقَالَ " أَبُوهُ فَقَالَ أَكْفِنِي قَمْ يَصَلَى الله عليه وسلم حِينَ مَاتَ إِذَا فَرَغْتُمْ فَآذِنُونِي " . فَلَمَّا أَرَادَ أَنْ يُصَلِّي جَذَبَهُ عُمَرُ وَقَالَ أَلَيْسَ قَدْ نَهَى اللَّهُ أَنْ تُصَلِّي عَلَيْهِ عَلَى الْمُنَافِقِينَ فَقَالَ " أَنَا بَيْنَ خِيرَتَيْنِ : (اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لاَ تَسْتَغْفِرْ لَهُمْ) " . فَصَلِّى عَلَيْهِ فَأَنْزَلَ اللَّهُ: (وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلاَ تَقُمْ عَلَى قَبْرِهِ) فَتَرَكَ الصَّلاَةَ عَلَيْهِمْ فَأَنْزَلَ اللَّهُ: (وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلاَ تَقُمْ عَلَى قَبْرِهِ) فَتَرَكَ الصَّلاَةَ عَلَيْهِمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩০৯৮. মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ আবদুল্লাহ্ ইবন উবাই-এর পুত্র আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু তাঁর পিতার মৃত্যুর পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলেনঃ আপনার জামাটি দিন তা দিয়ে আমি তার কাফন দিব, আপনি তার সালাতুল জানাযা পড়ুন এবং তার জন্য ইস্তিগফার করুন। তখন তিনি তাঁর জামা দিলেন এবং বললেনঃ তোমরা (আনুষঙ্গিক) কাজ শেষ করে আমাকে সংবাদ দিও।

শেষে তিনি যখন তার জানাযার সালাত (নামায) আদায় করতে ইচ্ছা করলেন তখন উমর রাদিয়াল্লাহু আনহু তাঁকে টেনে ধরে বললেনঃ মুনাফিকদের জানাযার সালাত (নামায) আদায় করতে কি আল্লাহ্ আপনাকে নিষেধ করেননি?

তিনি বললেনঃ আমাকে তো আল্লাহ্ তা'আলা দু'টো বিষয়ের যে কোন একটি গ্রহণের এখতিয়ার দিয়েছেনঃ এদের জন্য ক্ষমা প্রার্থনা করুন বা না করুন শেষে তিনি তার সালাতুল জানাযা আদায় করলেন। তখন আল্লাহ্ তা'আলা নাযিল করলেনঃ

وَلَا تُصلّ عَلَى أَحَدِ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلاَ تَقُمْ عَلَى قَبْرِهِ



ওদের মধ্যে কারোর মৃত্যু হলে তুমি কখনো তার জন্য জানাযার সালাত (নামায) পড়বে না এবং তার কবর পার্শ্বের্ দাঁড়াবে না। (৯ঃ ৮৪)। এরপর তিনি মুনাফিকদের সালাতুল জানাযা পড়া ছেড়ে দেন।

সহীহ, ইবনু মাজাহ ১৫২৩, বুখারি ৪৬৭০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৯৮ [আল মাদানী প্রকাশনী]
(আবু ঈসা বলেন)এ হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Ibn 'Umar:

"'Abdullah bin 'Abdullah bin Ubayy came to the Messenger of Allah (ﷺ) when his father died, and said: 'Give me your shirt to shroud him in and perform the Salat upon him, and seek forgiveness for him.' So he (ﷺ) gave him his shirt, and said: 'When you are finished then inform me.' So when he wanted to perform the Salat, 'Umar tugged at him and said: 'Has not Allah prohibited that you perform Salat over the hypocrites?' He said: 'I have been given the choice between two: 'Whether you seek forgiveness for them or you do not seek forgiveness for them.... (9:80)' So he performed the Salat for him. Then Allah revealed: 'And never pray for any of them who dies, nor stand at his grave... (9:84)' So he abandoned praying for them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন